

## 🗏 আন-নূর | An-Nur | ٱلنُّور

আয়াতঃ ২৪: ৪৪

## 💵 আরবি মূল আয়াত:

## يُقَلِّبُ اللّٰهُ الَّيلَ وَ النَّهَارَ ؟ إِنَّ فِي ذَٰلِكَ لَعِبرَةً لِّأُولِي الاَبصارِ ﴿٢٢﴾

## 🗚 অনুবাদসমূহ:

আল্লাহ দিন ও রাতের আবর্তন ঘটান, নিশ্চয়ই এতে অন্তরদৃষ্টিসম্পন্নদের জন্য শিক্ষা রয়েছে। — আল-বায়ান আল্লাহ রাত দিনের আবর্তন ঘটান, অন্তর্দৃষ্টি সম্পন্ন লোকেদের জন্য এতে শিক্ষণীয় বিষয় রয়েছে। — তাইসিরুল আল্লাহ দিন ও রাতের পরিবর্তন ঘটান, এতে শিক্ষা রয়েছে অন্তঃদৃষ্টি সম্পন্নদের জন্য। — মুজিবুর রহমান Allah alternates the night and the day. Indeed in that is a lesson for those who have vision. — Sahih International

- 88. আল্লাহ্ রাত ও দিনের আবর্তন ঘটান।(১), নিশ্চয় এতে শিক্ষা রয়েছে অন্তর্দৃষ্টিসম্পন্নদের জন্য।(২)
  - (১) অর্থাৎ তিনি ঠাণ্ডা থেকে গরম, আবার গরম থেকে ঠাণ্ডা, দিন থেকে রাত আবার রাত থেকে দিন তিনিই পরিবর্তন করেন। অনুরূপভাবে তিনিই বান্দাদের মধ্যে দিনগুলো ঘুরিয়ে আনেন। [সা'দী]
  - (২) যারা সত্যিকার বান্দা, বুদ্ধি ও বিবেকবান, তারা এগুলোর প্রতি দৃষ্টি দিয়ে এগুলো কেন সৃষ্টি করা হয়েছে সেটা সহজেই বুঝতে পারে। কিন্তু তারা ব্যতিক্রম, যারা পশুদের মত এগুলোর দিকে তাকায়। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

- (৪৪) আল্লাহ দিন ও রাতের পরিবর্তন ঘটান,[1] অন্তর্দৃষ্টিসম্পন্ন লোকেদের জন্য এতে শিক্ষা রয়েছে।
  - [1] অর্থাৎ কখনো দিন বড়, রাত ছোট, আবার কখনো এর বিপরীত করে থাকেন। অথবা কখনো দিনের উজ্জ্বলাতাকে কালো মেঘের (ছায়ায়) অন্ধকার দিয়ে এবং রাতের অন্ধকারকে চাদের জ্যোৎস্না দিয়ে বদলে দেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2835

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন